



রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iaudhaka@gmail.com



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং- ইআবি/একা-২৪/কা.ভর্তি ও রেজি/২০১৭/ ১৭৬১

তারিখ: ০৭/১০/২০১৮ খ্রি.

কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ২য় পর্বে ভর্তি ফি' (সেশন ফি') জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের কামিল (২ বছর মেয়াদী) ১ম পর্ব পরীক্ষা-২০১৭ এর ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি' সহ অন্যান্য ফি' আদায়ের কার্যক্রম শুরু করতে হবে :

তফসিল:

(ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৭ এর ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যেই কামিল মাদরাসাসমূহ তাদের স্ব স্ব মাদরাসার সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত সেশন ফি' সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে কামিল ২য় পর্বের ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। আদায়কৃত ফি' ব্যাংকে জমা দিয়ে এর ব্যাংক অনলাইন / টি.টি, রশিদ এর মূল কপি পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।


(খ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম পর্ব কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল ২য় পর্বের সেশন ফি' নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	ভর্তি ফি' (সেশন ফি')	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
কামিল	৩০০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের কামিল (২ বছর মেয়াদী) ২য় পর্বে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই আদায়কৃত ফি' সমূহ (সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৭ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হবে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} স্বাপেক্ষে কামিল (২ বছর মেয়াদী) ১ম পর্বে পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে ভর্তি হতে হবে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের ব্যাংক অনলাইন সম্পন্ন করে ০৭ কার্যদিবসের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়র সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা (টেলিস্ট) আলাদা আলাদা করে জমা দিতে হবে।


০৭/১০/১৮

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়